



সুধী.

বাংলাদেশের পর্যটন শিল্পের উন্নয়নের লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ২৭-২৮ অক্টোবর ২০১৫ তারিখে "International Conference on Development of Sustainable and Inclusive Buddhist Heritage and Pilgrimage Circuits in South Asia's Buddhist Heartland" শীর্ষক একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হবে। এ সম্মেলন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর বৌদ্ধ ভাস্কর্যের একটি বিশেষ প্রদর্শনীর আয়োজন করেছে। জাদুঘরের প্রধান মিলনায়তনের লবিতে ২৮ অক্টোবর থেকে ১১ নভেম্বর ২০১৫ পর্যন্ত এই প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

বিশ্ব পর্যটন সংস্থার মহাসচিব H. E. Mr. Taleb Rifai আগামী ২৮ অক্টোবর ২০১৫ সকাল ১০:৩০মিনিটে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব রাশেদ খান মেনন এমপি এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি জনাব এম. আজিজুর রহমান।

অনুষ্ঠানে আপনি সাদরে আমন্ত্রিত।

ফয়জুল লতিফ চৌধুরী  
মহাপরিচালক  
বাংলাদেশ জাতীয় জাদুঘর



## অনুষ্ঠান সূচি

তারিখ	: ২৮ অক্টোবর ২০১৫, বুধবার
সময়	: সকাল ১০:৩০মিনিট
স্থান	: প্রধান মিলনায়তন লবি, বাংলাদেশ জাতীয় জাদুঘর
স্বাগত বক্তব্য	: মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর
সম্মানিত অতিথির ভাষণ	: <b>জনাব আসাদুজ্জামান নূর</b> এমপি মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় : <b>জনাব রাশেদ খান মেনন</b> এমপি মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
প্রধান অতিথির ভাষণ	: <b>মান্যবর জনাব তালেব রিফাই</b> মহাসচিব, বিশ্ব পর্যটন সংস্থা
সভাপতির ভাষণ	: <b>জনাব এম. আজিজুর রহমান</b> সভাপতি, বোর্ড অব ট্রাস্টিজ, বাংলাদেশ জাতীয় জাদুঘর

### প্রধান অতিথি কর্তৃক প্রদর্শনী উদ্বোধন

বি. দ্র. : প্রদর্শনী শনিবার থেকে বুধবার সকাল ৯:৩০ মিনিট থেকে সন্ধ্যা ৭:৩০ মিনিট এবং শুক্রবার বিকাল ২:৩০ মিনিট থেকে সন্ধ্যা ৭:৩০ মিনিট পর্যন্ত দর্শকদের জন্য উন্মুক্ত থাকবে।